

# এবতেদায়ির ৩ কোটি পাঠ্যবই ছাপানোর প্রস্তাব অনুমোদন

নিজস্ব প্রবেশদক

০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের সমগ্র



মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০২৬ শিক্ষাবর্ষে এবতেদায়ি (প্রাথমিক) স্তরের প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত বিনামূল্যের প্রায় তিন কোটি পাঠ্যবই মুদ্রণের ক্রয় প্রস্তাব অনুমোদন করেছে সরকারের ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি। এতে ৪৮টি দরপত্রের মাধ্যমে বইগুলো ছাপানো হবে। এ ছাড়া এলএনজি ও সার আমদানির জন্য আটটি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে কমিটি। অর্থ উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ দেশের বাইরে থাকায় গতকাল মঙ্গলবার সচিবালয়ে ভার্চুয়াল প্ল্যাটফর্মে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠক সূত্রে জানা যায়, বৈঠকে বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) সঙ্গে রাষ্ট্রীয় চুক্তির আওতায় চার দেশ থেকে তিন ক্যাটাগরির ১ লাখ ৪৫ হাজার টন সার আমদানি করা হবে। এ জন্য চারটি পৃথক প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এতে মোট ব্যয় হবে ১ হাজার ১৪৯ কোটি ৩১ লাখ টাকা। চার প্রস্তাবের মধ্যে প্রতি টন ৭৯৫ ডলার দরে সৌদি আরবের মা'এডেন থেকে ৯ম লটে ৪০ হাজার টন ডিএপি সার আমদানিতে বাংলাদেশি মুদ্রায় ব্যয় হবে ৩৮৯ কোটি ৮৬ লাখ ৮০ হাজার টাকা। প্রতি টন ৩৬১ ডলার দরে রাশিয়ার প্রোডিনটর্গ থেকে দ্বিতীয় লটে ৩৫ হাজার টন এমওপি সার আমদানিতে বাংলাদেশি মুদ্রায় ব্যয় হবে ১৫৪ কোটি ৯০ লাখ ৫১ হাজার টাকা। প্রতি টন ৫৮৫.৩৩ ডলার দরে মরক্কোর 'ওসিপি নিউট্রিক্রপস' থেকে চতুর্থ লটে ৩০ হাজার টন টিএসপি সার আমদানিতে বাংলাদেশি মুদ্রায় ব্যয় হবে ২১৫ কোটি ২৮ লাখ ৪৩ হাজার টাকা। প্রতি টন ৭৯৩.৭৫ ডলার দরে চীনের 'বনায়ন ইন্টারন্যাশনাল ট্রেডিং লিমিটেড' থেকে দ্বিতীয় লটে ৪০ হাজার টন ডিএপি সার আমদানিতে বাংলাদেশি মুদ্রায় ব্যয় হবে ৩৮৯ কোটি ২৫ লাখ ৫০ হাজার টাকা।

এর বাইরে বৈঠকে প্রতি টন ৪৭৪ ডলার দরে 'কাফকো' থেকে তৃতীয় লটে ৩০ হাজার টন ব্যাগড গ্র্যানুলার ইউরিয়া সার কেনার একটি পৃথক প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। এতে ব্যয় হবে বাংলাদেশি মুদ্রায় ১৭৪ কোটি ৩৩ লাখ ৭২ হাজার টাকা। বৈঠকে প্রতি টন ৭৭৯.৫০ ডলার দরে সংযুক্ত আরব আমিরাতের 'মেসার্স সান

ইন্টারন্যাশনাল এফজেডই’ থেকে ২০ হাজার টন ফসফরিক অ্যাসিড ক্রয়ের একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এতে ব্যয় হবে বাংলাদেশি মুদ্রায় ১৯১ কোটি ৪৪ লাখ ৫২ হাজার টাকা। ডিএপি ফার্টিলাইজার কোম্পানি লিমিটেডের জন্য এই অ্যাসিড কেনা হবে।

বৈঠকে আগামী নভেম্বরের জন্য স্পট মার্কেট থেকে এক কার্গো এলএনজি আমদানির একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ‘মেসার্স টোটাল এনার্জিস গ্যাস অ্যান্ড পাওয়ার লিমিটেড’ এ কার্গো সরবরাহ করবে। প্রতি এমএমবিটিইউ ১১.৫৪৯ ডলার দরে বাংলাদেশি মুদ্রায় এতে ব্যয় হবে ৪৮৫ কোটি ২৫ লাখ ৯৮ হাজার টাকা। এ ছাড়া বৈঠকে ২০২৬ শিক্ষাবর্ষে এবতেদায়ি স্তরের প্রথম থেকে পঞ্চম শ্রেণির জন্য বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। এ কাজে মোট ৪৮টি দরপত্রের বিপরীতে ২ কোটি ৯৪ লাখ ৬৮ হাজার ৩৬৭টি বই মুদ্রণ ও সরবরাহ করা হবে। এতে ব্যয় হবে ১২৭ কোটি ৬৬ লাখ ৩০ হাজার টাকা।